

অনন্দবাজার ২১ ফেব্রুয়ারি ২০২০

# হেনস্থার ভয়ে 'বাউডুলে' মেয়ের পায়ে শিকল মায়ের

অনিবার্ণ রায়

ক্রান্তি (জলপাইগুড়ি): কিশোরী মেয়ে নাকি বাউডুলে। আর তাই ষোড়শী মেয়ের পায়ে বছরখানেক ধরে শিকল বেঁধে তাকে আটকে রেখেছেন মা। সহজ সরল হওয়ার সুযোগ নিয়ে মেয়েকে যদি কেউ তুলে নিয়ে গিয়ে ধর্ষণ করে, এই আতঙ্কই সারা রূপ তাড়া করে জলপাইগুড়ির ক্রান্তির বাসিন্দা লক্ষ্মী বণিককে।

মেয়েকে নিয়ে বাড়িতে একাই থাকেন লক্ষ্মী। অভিযোগ, মেয়ের দু'পায়ে সারাদিন শিকল বেঁধে রাখেন তিনি। জানালেন, কেক-চকলেট খেতে ভালবাসে মেয়ে। খাবারের লোভ দেখিয়ে বা ঘুরতে যাওয়ার টোপ দিয়ে মেয়েকে ডুলিয়ে নিয়ে যেতে পারে যে কেউ। সেই আশঙ্কায় পায়ে বেড়ি পরিয়েছেন তিনি। ক্রান্তি পার্কে তাঁর ছোট একটি দোকান আছে। সেই দোকানে তাঁকে প্রায় সারাদিনই থাকতে হয়। একলা মেয়েকে তখন বাড়িতেও রাখতে সাহস পান না তিনি। শিকল-পরা অবস্থাতেই সঙ্গে করে নিয়ে যান দোকানো। আবার সন্ধ্যায় বাড়ি ফিরে আসেন মেয়েকে নিয়ে। সন্ধ্যায় কিছু রূপ শিকল খুলে রাখেন।



■ দু'পায়ে শিকল বাঁধা ক্রান্তির সেই কিশোরীর ছবি: দীপঙ্কর ঘটক

রাতে শুতে যাওয়ার আগে ফের শিকল পরিয়ে দেন মেয়ের পায়ে।

এ ভাবে কাউকে শিকল পরিয়ে রাখা তো অপরাধ! উত্তরে লক্ষ্মী জানান, তা তিনি বিলক্ষণ জানেন। তা হলে মেয়েকে বেঁধে রাখেন কেন? লক্ষ্মীর জবাব, ধর্ষণ বা যৌন হেনস্থার শিকার হওয়ার ভয়েই তিনি মেয়ে বাড়িতে বেঁধে রাখেন। আরও জানালেন, মেয়ে একটু সহজ-সরল। কিছুটা বোকাও। হটহাট করে মেয়ে বাইরে চলে গেলে তাঁর ভয় হয়। চারপাশে যে ভাবে রোজ ধর্ষণ আর যৌন নির্যাতনের খবর শুনছেন, তাতে

তাঁর আতঙ্ক আরও বাড়ছে। এ ভাবে আর কত দিন মেয়েকে 'আটকে' রাখবেন? লক্ষ্মীও সেটা বোঝেন। তাঁর বক্তব্য, মেয়ে বড় হয়ে গেলে তাকে আর এ ভাবে রাখা সম্ভব নয়। আর্থিক সামর্থ্য না থাকায় মেয়েকে অষ্টম শ্রেণি পর্যন্ত পড়িয়ে স্কুল থেকে ছাড়িয়ে দিয়েছেন। তাকে হোমে রাখার ব্যবস্থা করা যায় কি না তা-ও খোঁজ করে দেখবেন বলে জানান লক্ষ্মী। জলপাইগুড়ির মনোরোগ বিশেষজ্ঞ আশিস সরকারের কথায়, "বর্তমান সমাজে মেয়েদের উপরে নির্যাতন বেড়ে চলার প্রভাব পড়েছে মেয়েটির মায়ের উপরেও। যাকে পরিভাষায় বলে প্যানিক ডিজঅর্ডার।"

মেয়ের অবস্থা ক্রমশ নেই এ সবে। পা বাঁধা অবস্থাতেও চিলতে হাসির ছোঁয়া মেয়েটির মুখে। তাঁর কথায়, "মা বলেছে বড় হলে শিকল খুলে দেবে। তখন ঘুরতে যাব। আমার ডাক্তার হতেও খুব ইচ্ছে করে।"

## জামিন পেলেন ভারতীর স্বামী

নয়াদিল্লি, ২০ ফেব্রুয়ারি: সুপ্রিম কোর্টে জামিন পেলেন প্রাক্তন আইপিএস ভারতী যোবের স্বামী এম এ ভি রাজু। সিআইডি-র হাতে গ্রেফতারির পরে ২০১৮ সালের অক্টোবরে তাঁকে 'অন্তর্বর্তী জামিন' দেয় কলকাতা হাইকোর্ট। নির্দেশ ছিল, কলকাতার বাইরে যেতে পারবেন না। প্রতি সপ্তাহে সিআইডি-র তদন্তকারী অফিসারের কাছে হাজিরা দিতে হবে।

বিচারপতি এ এম খানউইলকর ও বিচারপতি দীনেশ মাহেশ্বরীর বেঞ্চ আজ রাজুকে ২৫ লক্ষ টাকার বন্ডে জামিন দেয়। সঙ্গে শর্ত দিয়েছে, পশ্চিম মেদিনীপুরে ঢুকবেন না তিনি। প্রতি মাসে একবার তদন্তকারী অফিসারের সামনে হাজিরা দেবেন। সিআইডি-র কাছেই জমা রাখতে হবে পাসপোর্ট। বিদেশেও যেতে পারবেন না। পশ্চিম মেদিনীপুরের প্রাক্তন পুলিশ সুপার ভারতী যোবের বিরুদ্ধে জালিয়াতি, তোলাবাজি, নোট বন্দির সময় বাতিল হওয়া নোটের বিনিময়ে অবৈধ সোনা কেনার অভিযোগ ওঠে। সেই মামলায় ২০১৮-র অগস্টে গ্রেফতার হন রাজু।

নিজস্ব সংবাদদাতা

**মহিলাদের স্বাস্থ্যের সমস্যা? গোড়া থেকে সমাধান করুন**

৯০ বছর ধরে মহিলাদের No.1 টনিক হেমপুষ্পা

- ✓ কোমর ব্যাথা ও পেড়ুর যন্ত্রণা
- ✓ রক্তাল্পতা, খিটখিটেভাব, দুর্বলতা
- ✓ রক্ত পরিষ্কার করে, সৌন্দর্য বাড়ায়

ইত্যাদি সমস্যায় সহায়ক

**হেমপুষ্পা**

India's No.1 Women Health Tonic

**যদি হার্ট হয় অন্য কোথাও নয়**

হার্ট অ্যাটাক • অ্যাঞ্জিও পেসমেকার • বাইপাস

**DESUN HOSPITAL**  
90 5171 5171  
desunhospital.com

**নগদ অর্থের বিনিময়ে পুরাতন সোনা ও রূপা কেনা হয়।**

আদ্যামা গোল্ড জুয়েলারী

গড়িয়াহাট	: 98303 30106
কালীঘাট	: 98303 30138
ভবানীপুর	: 98303 30195
হাতিবাগান	: 98303 30119
বেহালা	: 98303 30181
পার্কস্ট্রীট	: 98303 30146
বাগুইয়াটি	: 98303 30118
বহুবাজার	: 98303 30249

**WBDKU**

শানদার দামে

**RX42**

**4WD**

সোনা

অফারটি সীমিত সময়ে জন্য প্রযোজ্য



1197/C/2020

39/WBHR/Sm/2020

W.B. HUMAN RIGHTS  
COMMISSION  
KOLKATA-27

File No. 11/25/10/2020

Date: 24. 02. 2020

Enclosed is the news clippings appeared in the "Ananda Bazar Patrika", a Bengali daily dated 21.02.2020, the news item is captioned 'হেনস্থর ভয়ে বাউভুলে মেয়ের পায়ে শিকল মায়ের'

Superintendent of Police, Jalpaiguri is directed to cause an enquiry into the matter and to furnish a report to the Commission by 6<sup>th</sup> April, 2020.

(Justice Girish Chandra Gupta )  
Chairperson

  
(Napanajit Mukherjee)  
Member

Encl: News Item Dt. 21.02.2020

Ld. Registrar to keep NHRC posted about cognizance taken on the subject by WBHRC and upload in the website.

Asstt. Secy.(L & R Wing) / S.O.  
is to take immediate action

24.02.2020

SDB

Done  
3/3